গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮.০৬.২০২৩ তারিখের ই-মনিটরিং এর বিষয়াদি

| | | | |
|---|---|---|---|
| ১ | দপ্তরের নাম | : | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ |
| ২ | দপ্তরের রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য | : | ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা : ৬ জন<br>খ) শুন্যপদের সংখ্যা : ৪ টি (উপপরিচালক, প্রোগ্রাম অফিসার ক্রেডিট সুপারভাইজার, অফিস সহায়ক) |
| ৩ | দপ্তরে প্রকল্পের আওতায় কর্মরত মোট জনবলের সংখ্যা | : | কর্মরত জনবলের সংখ্যা :<br>১। কিশোর-কিশোরী ক্লাব ১৮৮ এর বিপরীতে ১৮২ জনবল<br>২। আইজিএ ১৪ জন এর বিপরীতে ১৪ জন (শুন্য নাই)<br>৩। শুন্যপদের সংখ্যা = ০৬ জন (কিশোর-কিশোরী ক্লাব<br>৪। ক্লাব সংখ্যা ৮৪ টি |
| ৪ | অফিস ভবনের মালিকানার ধরণ | : | ভাড়া |
| ৫ | নিজস্ব ভবন না হলে ভবন নির্মাণের লক্ষ্যে জমি প্রাপ্তির বিষয়ে প্রচেষ্টা/উদ্যোগ প্রসংগে | : | মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সদয় নির্দেশনার প্রেক্ষিতে নিজস্ব ভবন নির্মাণের জন্য খাস/জমির বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করা হয় এবং উপযুক্ত জায়গা পাওয়া যায়নি। |
| ৬ | বর্তমানে দপ্তরের আওতায় চলমান কার্যক্রম/প্রকল্পসমূহের বিবরণ লক্ষ্যমাত্রা/অর্জন<br>(ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচিসমূহ<br>(খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্পসমূহ | : | (ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচিসমূহ:<br>১) ভিডব্লিউবি কর্মসূচির ২৩-২৪ চক্রের মোট উপকারভোগী ১৭২১৭ জন।<br>২) ২০২২-২৩ অর্থবছরে (জানুয়ারি ২০২৩ হতে জুন ২০২৩ পর্যন্ত বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ ৩০৯৯.০৬ মে:টন<br>৩) মা ও শিশু কর্মসূচির আওতায় জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত ১২ মাসে ৫টি পৌরসভা ১০৮৬ জন ও ৯টি উপজেলায় ৮০১০ জনসহ মোট ৯০৯৬ জন উপকারভোগী নির্বাচন সম্পন্ন করা হয়েছে এবং আজমিরীগঞ্জ উপজেলায় এ কর্মসূচি পূর্ব থেকেই চলমান আছে এবং G2P পদ্ধতিতে ভাতা বিতরণ করা হচ্ছে।<br>৪) ল্যাকটেটিং মাদার সহায়তা প্রদান কর্মসূচি ও দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় G2P পদ্ধতিতে ভাতা বিতরণ করা হচ্ছে<br>৫) ক্ষুদ্রঋণ, সেলাই মেশিন, স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুদান ও জীবিকায়নের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>উন্নয়ন বাজেটের আওতায় :<br>উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ) ও কিশোর-কিশোরী স্থাপন প্রকল্প। |
| ৭ | বর্তমানে এ দপ্তরের বিদ্যমান সমস্যাসমূহ | : | জনবল সংকট ও দপ্তরের আসবাবপত্র পুরাতন। |
| ৮ | সমস্যা সমাধানের উপায়/সুপারিশসমূহ | : | ১) দ্রুত জনবল নিয়োগ এবং নতুন আসবাবপত্র ক্রয়ের উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে।<br>২) প্রতিদিন হাজিরা খাতা অবলোকন করে স্বাক্ষর দিতে হবে এবং ছুটির হিসাব মাস শেষে লিপিবদ্ধ করতে হবে।<br>৩। ই-নথি ব্যবস্থাপনা আরো জোরদার করতে হবে।<br>৪। প্রকল্পের শুন্যপদে জনবল দেয়ার জন্য প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করতে হবে। |
| ৯ | অফিস ব্যবস্থাপনা<br>(ক্যাশ রেজিষ্টার,স্টক রেজিষ্টার ব্যবস্থাপনা, ই-নথি ব্যবস্থাপনা সম্পর্কে) | : | ক্যাশ রেজিষ্টার,স্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা ও হাজিরা খাতা যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে মর্মে প্রতীয়মান। |
| ১০ | অন্যান্য (যদি থাকে) | : | অডিট আপত্তি নাই। |

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ এর বিভিন্ন কার্যক্রম এর ই-মনিটরিং এর রিপোর্ট :

| | | |
|---|---|---|
| ই-মনিটিং এর তারিখ | : | ১৮.০৬.২০২৩ খ্রি: রবিবার |
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | : | জগদীশ চন্দ্র দেবনাথ, উপ-সচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম | : | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর। |
| দপ্তর সংস্থার নাম | : | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর। |
| পরিদর্শনকৃত জেলার নাম | : | হবিগঞ্জ। |
| পরিদর্শনের মাধ্যম | : | হোয়াটস্ অ্যাপ |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | : | রুমানা আক্তার, উপপরিচালক(অ:দা), মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ। |

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :

উল্লেখিত প্রকল্প কার্যালয়ে অদ্য ১৮.০৬.২০২৩ খ্রি: তারিখ রবিবার সকাল ১১.১৫ মিনিটে হোয়াটস অ্যাপে সংযুক্ত হয়ে ই-মনিটরিং করা হয়। ই-মনিটরিংকালে জনাব রুমানা আক্তার, উপপরিচালক, জনাব মো: আলমগীর হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, প্রশিক্ষক জনাব মাহমুদ সেলিম রেজা, ফিল্ড সুপারভাইজার জনাব সৈয়দ মিলন মিয়া, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ উপস্থিত ছিলেন।

জনবলের তথ্য :

ক) কর্মরত কর্মকর্তা ও কর্মচারী : কর্মকর্তা-০২ জন, কর্মচারী : ০২ জন

খ) মোট অনুমোদিত জনবলের সংখ্যা : ০৬ জন

গ) শুন্যপদের সংখ্যা : ০৪ টি।

কার্যক্রমসমূহ :

প্রশিক্ষণ কার্যক্রম : জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

ট্রেডের সংখ্যা : ০৫টি (বেসিক কম্পিউটার এ্যাপ্লিকেশন, বিউটিফিকেশন, আধুনিক দর্জি বিজ্ঞান, মোমবাতি তৈরী, মোবাইল সার্ভিসিং)

প্রশিক্ষণার্থী সংখ্যা : প্রতি ট্রেডে ১০ জন করে। সরকারী নির্দেশসা মোতাবেক এপ্রিল থেকে জুন ২০২৩ প্রশিক্ষণ বন্ধ রয়েছে।

আইজিএ প্রকল্প : আইজিএ প্রকল্পের আওতায় কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স চালু রয়েছে। ১২ এপ্রিল ২০২৩ হতে ৬০ কর্মদিবস মেয়াদে ৬০ প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। এ প্রকল্পের আওতায় ১ম ও ২য় ব্যাচের প্রশিক্ষণার্থীদের মধ্যে ভাতা প্রদান করা হয়েছে।

ভিডব্লিউবি কর্মসূচি : ভিডব্লিউবি কর্মসূচির ২০২৩-২০২৪ চক্রের মোট উপকারভোগী ১৭,২১৭ জন।

এ চক্রের (জানুয়ারি ২৩ হতে জুন ২৩ পর্যন্ত) বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ ৩০৯৯.০৬ মে: টন

মা ও শিশু সহায়তা কর্মসূচি : এ কর্মসূচির আওতায় জুলাই ২২ হতে জুন ২০২৩ পর্যন্ত ১২মাসে ৫টি পৌরসভা ১০৮৬ জন ও ৯টি উপজেলায় ৮০১০ জনসহ মোট ৯০৯৬ জন উপকারভোগী নির্বাচন সম্পন্ন করা হয়েছে এবং আজমিরীগঞ্জ উপজেলায় এ কর্মসূচি পূর্ব থেকেই চলমান আছে এবং ভাতা বিতরণ করা হচ্ছে।

সুপারিশসমূহ :

১। নিজস্ব ভবন নির্মাণের জন্য জেলা প্রশাসক মহোদয়কে পত্র প্রেরণের পরামর্শ দেয়া হলো।

২। দপ্তরের জনবল বাড়ানোর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের পরামর্শ দেয়া হলো।

৩। হবিগঞ্জ জেলাধীন নবগঠিত শায়েস্তাগঞ্জ উপজেলার কর্মকর্তা ও অফিস সহায়ক পদ অনুমোদিত। কিন্তু জনবল ও অফিস না থাকায় দাপ্তরিক কার্যক্রম ব্যহত হচ্ছে। রাজস্ব বাজেট না থাকায় অফিস ভাড়া নেয়া সম্ভব হচ্ছে না । এমতাবস্থায় শায়েস্তাগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক অফিস ভাড়ার বাজেট নেয়ার জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর পত্র প্রেরণের সুপারিশ করা হলো।

১৮/৬/২৩

জগদীশ চন্দ্র দেবনাথ
উপসচিব (উন্নয়ন-২)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।